

জেলা শাসক ও সমাহর্তার কার্যালয়  
পশ্চিম ত্রিপুরা জেলা

ফাইল নং- ৪(৮) /DWD/W/NREGA/2007 / ৭৩১২-৭৩১৩ ১৯/১১/২০০৭ ইং

-:বিজ্ঞপ্তি:-

এতদ্বারা পশ্চিম ত্রিপুরা জেলার সকল গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত গ্রাম সভার এবং স্বশাসিত জিলা পরিষদ অন্তর্ভুক্ত গ্রামগুলির সকল সদস্যগণদের অবগত করানো যাইতেছে যে ২৯ শে নভেম্বর, ২০০৭ ইং তারিখ (বৃহস্পতিবার) সকাল ১০ ঘটিকায় নিজ নিজ পঞ্চায়েত অফিসে জাতীয় গ্রামীণ কর্মসংস্থান নিশ্চিত আইনের অধীনে ত্রিপুরা গ্রামীণ কর্মসংস্থান নিশ্চিত প্রকল্পের বিভিন্ন কাজের সামাজিক নিরীক্ষা মূলক এক সভা অনুষ্ঠিত হইবে।

অতএব সকল গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত গ্রাম সভার এবং স্বশাসিত জিলা পরিষদ অন্তর্ভুক্ত গ্রামগুলির সকল সদস্যগণদের অনুরোধ করা যাইতেছে যে নির্ধারিত তারিখে নির্দিষ্ট স্থানে সময় মত উপস্থিত হইয়া উক্ত সামাজিক নিরীক্ষার কাজে সহায়তা এবং সাফল্য মন্ডিত করিবেন।

উক্ত সামাজিক নিরীক্ষা চলাকালীন সময়ে প্রকল্পের বিভিন্ন উন্নয়ন মূলক তথ্যাদি সাধারণ জনগনের জন্য উন্মুক্ত থাকিবে। গ্রাম সভাগুলির অধীন সাধারণ জনগন শ্রমদিবস, সম্পদ সৃষ্টি, মাষ্টার রোল, হিসাব সম্পর্কিত এবং বিভিন্ন উন্নয়ন মূলক তথ্যাদি দেখিতে পারিবেন।

নিবেদক

(শ্রী কিশোর আখুলাী)  
জিলা প্রোগ্রাম কোর্ডিনেটর  
(জেলা শাসক ও সমাহর্তা)  
পশ্চিম ত্রিপুরা জিলা